

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ বিত্র রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

বিত্র নামায

বিত্র নামায সুন্নাতে মুআক্কাদাহ। এ নামায আদায় করতে মহানবী (ﷺ) উম্মতকে উদ্বুদ্ধ ও অনুপ্রাণিত করতেন। হযরত আলী (রাঃ) বলেন, 'বিত্র ফরয নামাযের মত অবশ্যপালনীয় নয়; তবে আল্লাহর রসূল (ﷺ) তাকে সুন্নতের রুপদান করেছেন; তিনি বলেছেন, "অবশ্যই আল্লাহ বিত্র (জোড়হীন), তিনি বিত্র (জোড়শূন্যতা বা বেজোড়) পছন্দ করেন। সুতরাং তোমরা বিত্র (বিজোড়) নামায পড়, হে আহলে কুরআন!" (আবূদাউদ, সুনান, তিরমিয়ী, সুনান, নাসাঈ, সুনান, ইবনে মাজাহ, সুনান, ইবনে খুযাইমাহ, সহীহ, সহিহ তারগিব ৫৮৮নং) বনী কিনানার মুখদিজী নামক এক ব্যক্তিকে আনসার গোত্রের আবূ মুহাম্মাদ নামক এক লোক বলল যে, বিতরের নামায ওয়াজেব। এ কথা শুনে সাহাবী উবাদাহ বিন সামেত (রাঃ) বললেন, 'আবূ মুহাম্মাদ ভুল বলছে।' আমি আল্লাহর রসূল (ﷺ)—কে বলতে শুনেছি, "পাঁচ ওয়াক্ত নামায আল্লাহ বান্দাগণের উপর ফরয করেছেন। সুতরাং যে ব্যক্তি তা যথার্থরুপে আদায় করবে এবং তাতে গুরুত্ব দিয়ে তার কিছুও বিনম্ভ করবে না, সেই ব্যক্তির জন্য আল্লাহর এই প্রতিশ্রুতি আছে যে, তিনি তাকে জান্নাতে প্রবেশ করাবেন। আর যে ব্যক্তি তা আদায় করবে না, সে ব্যক্তির জন্য আল্লাহর কোন প্রতিশ্রুতি নেই। তিনি ইচ্ছা করলে তাকে শান্তি দেবেন, নচেৎ ইচ্ছা হলে জান্নাতেও দিতে পারেন।" (মালেক, মুঅন্তা, আবুদাউদ, সুনান, নাসাঈ, সুনান, ইবনে হিব্রান, সহীহ, সহিহ তারগিব ৩৬৩ নং)

মহানবী (ﷺ) সওয়ারীর উপর বিতরের নামায পড়েছেন। (বুখারী, মুসলিম, সুনানু আরবাআহ (আবূ দাউদ, তিরমিযী, নাসাঈ ও ইবনে মাজাহ্) দারাকুত্বনী, সুনান ১৬১৭নং) অথচ ফরয নামাযের সময় তিনি সওয়ারী থেকে নেমে কিবলামুখ করতেন। (আহমাদ, মুসনাদ, বুখারী)

Source — https://www.hadithbd.com/books/link/?id=3027

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন